

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/ব-২৩/রে-৪৯৩৩(৮০)

তারিখঃ ০৬ জুন ২০২১

বিজ্ঞপ্তি

দেশব্যাপী করোনা ভাইরাস (COVID-19) এর সংক্রমণ প্রতিরোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পূর্বের নির্দেশের ধারাবাহিকতায় সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা আগামী ১৬/০৬/২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত হওয়ায় গত ৩০/০৫/২০২১ তারিখের সংস্থা/ব-২৩/রে-৪৮৫০(৮০) নং বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় আগামী ১৬ জুন ২০২১ তারিখ পর্যন্ত এই বিশ্ববিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ/অফিস/ইনসিটিউট/সেন্টার বন্ধ থাকবে। এ সময়ে সকল কর্মকর্তা ও কর্মচারী অফিস সময়ে স্টেশন ত্যাগ না করে স্ব স্ব গৃহে অবস্থান করবেন। কোন কর্মকর্তা-কর্মচারী ঢাকা ত্যাগ করতে পারবেন না। তবে মেডিক্যাল সেন্টার, বিদ্যুৎ সরবরাহ, পানি সরবরাহ, গ্যাসের রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, নিরাপত্তার কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ, টেলিফোন ও ইন্টারনেট সেবায় নিয়োজিত ব্যক্তিবর্গ এবং অন্যান্য জরুরী রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত ব্যক্তিবর্গ এই ছুটির আওতার বহুভূত থাকবেন। তাছাড়া জরুরী প্রয়োজনে অনলাইন শিক্ষা কার্যক্রম পরিচালনার নিমিত্তে ল্যাবরেটরী ও অফিস খোলা রাখা যাবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ ল্যাবরেটরীতে ও অফিসে বিভাগীয় প্রধানের নির্দেশনা মোতাবেক উপস্থিত থেকে অনলাইন শিক্ষা কার্যক্রমে সহায়তা করবেন। তবে তারা সরকারী স্বাস্থ্য সংক্রান্ত নিয়ম এবং সামাজিক দূরত্ব সংক্রান্ত নিয়ম মেনে চলাফেরা করবেন।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে,

*Buddin
06/06/2021*

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)

রেজিস্ট্রার (অঃ দাঃ)

বিতরণঃ

- ১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ২। সকল বিভাগীয় প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৩। সকল পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৪। সকল অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৫। সকল হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ৬। প্রেস্টামার, আইসিটি সেল, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য।
- ৭। পিএসটুভিসি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা-ভাইস চ্যাসেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। পিএসটু প্রো-ভিসি, বাঃপ্রঃ বিঃ, ঢাকা-প্রো-ভাইস চ্যাসেলর মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৯। সহকারী পরিচালক, তথ্য ও প্রকাশনা, ডিএইআরএস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
- ১০। বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশ বোর্ড।
- ১১। গার্ড ফাইল/ব-৬/ব-৪১।